গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

অধ্যাপক লাল মোহাম্মদ
অধ্যক্ষ
আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ
মতিঝিল, ঢাকা-১০০০।

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.১৮.০০২(অংশ-২).২০১৫-৬১৬২/১১

তারিখ: ২৯/০৭/২০২৬ খ্রি.

বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)এর গবেষণা বিভাগ কর্তৃক আয়োজিত বিশ্ব আদিবাসী দিবস-২০২৬ উপলক্ষ্যে প্রবন্ধ রচনা প্রতিযোগিতার বিষয়টি বহুল প্রচার এবং অংশগ্রহণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) স্মারক নং ৩৭.২৬.০০০০.০০০.০০০.২৩.০০০১.২৬-৩৮০; তারিখ: ১৯/০৭/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারক পত্রের ছায়ালিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

29.07.26
(মোঃ রেজাউল করিম)
সহকারী পরিচালক-১ (সাধারণ প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৯৭১
ad-admin@dshe.gov.bd

বিতরণ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/এইচএসটিটিআই (সকল);
২) অধ্যক্ষ, সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ (সকল)
৩) অধ্যক্ষ, বেসরকারি কলেজ (সকল)
৪) উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৫) জেলা শিক্ষা অফিসার (সকল);
৬) প্রধান শিক্ষক, সরকারি/ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)
৭) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :
১) পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই), ঢাকা;
২) সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৪) সংরক্ষণ নথি।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

অধ্যাপক শেখ মোহাম্মদ
অধ্যক্ষ
আইডিয়াল স্কুল এন্ড কলেজ
মতিঝিল, ঢাকা-১০০০।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং:
তারিখ:
☐ পরিচালক
☐ প্রকল্প-পরিচালক
☐ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক
.................তারিখের মধ্যে
নথিতে দিবেন/উপস্থাপন করুন।
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.০০০.২৩.০০০১.২৬- ৩৮০

তারিখ : ২৫শে আষাঢ় ১৪৩৩
৯ই জুলাই ২০২৬

**বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর গবেষণা বিভাগ কর্তৃক আয়োজিত বিশ্ব আদিবাসী দিবস ২০২৬ উপলক্ষ্যে প্রবন্ধ রচনা প্রতিযোগিতার বিষয়টি বহুল প্রচার এবং অংশগ্রহণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণ।**

আন্তর্জাতিক আদিবাসী দিবস প্রতিবছর ৯ই আগস্ট বিশ্বব্যাপী পালিত হয়। দিবসটির উদ্দেশ্য হলো আদিবাসী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য, জ্ঞান, অধিকার এবং টেকসই উন্নয়নে তাদের অবদান সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। এ উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের গবেষণা বিভাগ কর্তৃক স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যদের অংশগ্রহণে তাদের সৃজনশীল চিন্তাশক্তি, বিশ্লেষণী দক্ষতা এবং লেখনী প্রতিভা বিকাশের লক্ষ্যে প্রবন্ধ রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

প্রতিযোগিতার নিয়মাবলি:

- প্রবন্ধ রচনার বিষয় : বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি অধ্যয়নের ভূমিকা (The Role of Studying the Languages and Cultures of Indigenous Ethnic Communities in the Economic Development of Bangladesh)।
- অংশগ্রহণকারীরা বাংলাদেশের যেকোনো একটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (যেমন: চাকমা, মারমা, ত্রিপুরা, সাঁওতাল, গারো, খাসি, মণিপুরী, ম্রো, তঞ্চঙ্গ্যা, রাখাইন, হাজং, ওরাঁও, মুন্ডা, পাংখোয়া, খুমি, চাক, বম, কোচসহ অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) অথবা সামগ্রিকভাবে বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি নিয়ে প্রবন্ধ রচনা লিখতে পারবেন।
- অংশগ্রহণের বিভাগ :
  - ক গ্রুপ: স্কুল পর্যায়ের শিক্ষার্থী (ষষ্ঠ–দশম শ্রেণি)।
  - খ গ্রুপ: একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী।
  - গ গ্রুপ: স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থী।
  - ঘ গ্রুপ: বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যগণ।
- প্রবন্ধ রচনা অবশ্যই মৌলিক, স্বরচিত ও অপ্রকাশিত হতে হবে।
- লেখায় মূল্যবোধের সঙ্গে সাংঘর্ষিক কোনো বিষয় উল্লেখ করা যাবে না।
- প্রবন্ধ রচনার শব্দসংখ্যা অনধিক ২,০০০ (দুই হাজার)।
- বাংলায় লেখার ফন্ট হবে SutonnyMJ ১৪, ইংরেজির ক্ষেত্রে Times New Roman ১২ এবং প্যারাগ্রাফ লাইন স্পেস হবে ১.৫।
- প্রত্যেক অংশগ্রহণকারী শুধু একটি প্রবন্ধ রচনা জমা দিতে পারবেন।
- প্রবন্ধ রচনার সঙ্গে অংশগ্রহণকারীর নাম, শিক্ষাপ্রতিষ্ঠানের নাম (প্রযোজ্য ক্ষেত্রে), শ্রেণি/বর্ষ (প্রযোজ্য ক্ষেত্রে), মোবাইল নম্বর এবং পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ করতে হবে।
- ঘ গ্রুপ: ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যদের ক্ষেত্রে কোনো বয়সসীমা বা শিক্ষাগত যোগ্যতার বাধ্যবাধকতা নেই। তবে প্রবন্ধ রচনার সঙ্গে অংশগ্রহণকারীর সংশ্লিষ্ট ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম উল্লেখ করতে হবে।
- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত এবং সর্বজনগ্রাহ্য বলে বিবেচিত হবে।

- প্রবন্ধ রচনা শুধু ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে। ই-মেইল: rmcimli2010@gmail.com। ই-মেইলের বিষয় (Subject): প্রবন্ধ রচনা প্রতিযোগিতা–২০২৬ (ক/খ/গ/ঘ গ্রুপ)।
- প্রবন্ধ রচনা জমাদানের শেষ তারিখ : ৩১শে জুলাই ২০২৬।
- প্রতি গ্রুপে প্রবন্ধ রচনা প্রতিযোগিতায় নির্বাচিত সেরা তিনজন প্রতিযোগীকে পুরস্কার প্রদান করা হবে।

২। বর্ণিত অবস্থায়, প্রবন্ধ রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত দেশব্যাপী সকল স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করে পত্র প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২/৭/২০২৬

(অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান)
পরিচালক
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
ফোন: ০২-৮৩৯১৩৪৬
ই-মেইল: imli.moebd@gmail.com

প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

**দৃষ্টি আকর্ষণ:** পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩. অফিস কপি।